দৈনিক
ইনকিলাব

তারিখ ... 23 FEB 2005
পৃষ্ঠা ...

# স্বকীয়তা বিনষ্টের জন্যই মাদ্রাসা শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়া হচ্ছে

স্টাফ রিপোর্টার ঃ উচ্চতর মাদ্রাসা শিক্ষাকে মান দেয়ার নামে মাদ্রাসা শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার চক্রান্ত প্রতিহত করার আহ্বান জানিয়ে বিভিন্ন সংগঠনের সভা ও বিবৃতি অব্যাহত রয়েছে। বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ বলেছেন, মাদ্রাসা শিক্ষার স্বকীয়তাকে বিনষ্ট করতে এ শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ করা হচ্ছে।

**তাফসীরুল কোরআন পরিষদ**

তাফসীরুল কোরআন পরিষদ বাংলাদেশের কেন্দ্রীয় সিনিয়র সহ-সভাপতি মাওলানা শরীফ বেলাল হোসাইন, সেক্রেটারি জেনারেল হাফেজ মাওলানা লুৎফর রহমান বলেছেন, মাদ্রাসা শিক্ষা নিয়ে গভীর ষড়যন্ত্র চলছে। এ ষড়যন্ত্র কোন ২-এর পৃঃ ২-এর কঃ দেখুন

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়া হচ্ছে

১২-এর পৃষ্ঠার পর

অবস্থাতেই সফল হতে দেয়া হবে না। নেতৃবৃন্দ বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যবস্থা হচ্ছে এক রুগ্ন ব্যবস্থা। তাদের নিজস্ব ব্যবস্থাপনা হচ্ছে অত্যন্ত দুর্বল। এর পরে যদি মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে তাদের অধীনে ছেড়ে দেয়া হয়, তবে অচিরেই তা ধ্বংসে হতে বাধ্য। মূলত মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে সমূলে বিনাশ করার জন্য এ পদক্ষেপ। দেশের তাওহিদী জনতার দাবী স্বতন্ত্র আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা ছেড়ে দেয়া হোক। অথচ সে দাবী উপেক্ষা করে সরকার মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে নির্মূল করার জন্য এক হঠকারী সিদ্ধান্ত নিতে যাচ্ছে। তাদের এ স্বপ্ন বাস্তবায়ন হলে তারা পাইকারী হারে জনসমর্থন হারাবে।

**তাহাফিজে হারামাইন পরিষদ**

তাহফিজে হারামাইন পরিষদ বাংলাদেশ-এর সভাপতি মাওলানা সাদেক আহমদ সিদ্দিকী মাদ্রাসা শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ করার সরকারী সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ জানিয়ে বলেছেন, এদেশের ইসলামপ্রিয় জনতা দীর্ঘদিন থেকে একটি পূর্ণাঙ্গ ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবী করে আসছে।

তিনি বলেন, সরকারে ঘাপটি মেরে থাকা একটি মহল মাদ্রাসা শিক্ষার স্বকীয়তা বিনষ্টের হীন উদ্দেশ্যে মাদ্রাসা শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ করতে উঠেপড়ে লেগেছে। কিন্তু তাদের জানা উচিত, এদেশের আলেম-ওলামা, পীর-মাশায়েখ, মাদ্রাসার ছাত্র-শিক্ষক ও ইসলামী জনতা ঐক্যবদ্ধভাবে আন্দোলনের মাধ্যমে এ ষড়যন্ত্র সফল হতে দেবে না। তিনি অবিলম্বে ঢাকায় একটি পূর্ণাঙ্গ ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার প্রতি অনুরোধ জানান।

**ইসলামী ছাত্রসেনা**

মাদ্রাসা শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত করা সংক্রান্ত মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অবিলম্বে প্রত্যাহার করতে হবে এবং মাদ্রাসা শিক্ষাকে উন্নত করার লক্ষ্যে ছাত্রসমাজের প্রাণের দাবী আলিম, ফাজিল ও কামিল শ্রেণীর মান দেয়ার জন্য ঢাকায় পৃথক আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে।

গতকাল ২২ ফেব্রুয়ারী সকাল ১০টায় ইসলামী ছাত্রসেনার ২৫ বছর রজতজয়ন্তী উপলক্ষে আগামীকাল পল্টন ময়দানে অনুষ্ঠিতব্য সম্মেলন প্রস্তুতি সভায় নেতৃবৃন্দ উপরোক্ত দাবী জানান। সংগঠনের শাহজাহানপুর পূর্ণিমা ভবনস্থ কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ছাত্রনেতা আজিজুর রহমান আজিজ।

**তাহরীকে ওলামা**

তাহরীকে ওলামার সভাপতি মাওলানা মোস্তফা বিন হোসাইন ও সহ-সভাপতি আলহাজ্জ নুরুল আমিন বলেছেন, ফাজিল-কামিল মাদ্রাসাকে অধিভুক্ত করার জন্য অবিলম্বে একটি এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে। তারা বলেন, ১০-১২টি মেডিক্যাল কলেজের জন্য বিগত সরকার জাতীয় মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছে অথচ কয়েক হাজার মাদ্রাসার জন্য একটি স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত থেকে বর্তমান সরকার সরে দাঁড়ানো দুর্ভাগ্যজনক। নেতৃবৃন্দ জোট সরকারের এ দ্বিমুখী নীতি পরিহার করার আহবান জানান। তারা সচেতন দেশপ্রেমিক জনতাকে প্রতিরোধ আন্দোলনে ঐক্যবদ্ধ হওয়ারও আহবান জানান।

**ইসলামী ঐক্য আন্দোলন**

ইসলামী ঐক্য আন্দোলনের মজলিসে শরীয়াহ ও মজলিসে আমলের এক যৌথসভা গত রবিবার সংগঠনের আমীর অধ্যক্ষ মুহাম্মদ আনওয়ার উল্লাহর সভাপতিত্বে ৮৪, পূর্ব তেজতুরী বাজারস্থ কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন দ্বীনি গুরুত্বপূর্ণ বিষয়, সাংগঠনিক অবস্থা এবং জাতীয় ও আন্তর্জাতিক পরিস্থিতি নিয়ে আলোচনা এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। আন্দোলনের সেক্রেটারী জেনারেল মাওলানা আজিজুল হক মুরাদ, ডেপুটি আমীর ডাঃ সৈয়দ সাদুল্লাহ ও এডভোকেট ওমর আলী খান, সাংগঠনিক সম্পাদক আবদুল হামিদ, মাওলানা ইসমাঈল ফারুক, মাওলানা বাবর আলী খান, মাওলানা জালালুদ্দীন আকবরী প্রমুখ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় গৃহীত প্রস্তাবে ফাজিল-কামিল মাদ্রাসাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার উদ্যোগের তীব্র নিন্দা করা হয় এবং অবিলম্বে এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবী জানানো হয়।

**নেছারাবাদ মাদ্রাসায় মাহফিল**

ঝালকাঠী জেলা সংবাদদাতা জানান, ঝালকাঠীর নেছারাবাদ মাদ্রাসার দু'দিনব্যাপী ঈসালে সওয়াব মাহফিলে হাজার হাজার মুসলিম জনতার প্রাণের দাবী, ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় অবিলম্বে ঘোষণা করে প্রতিষ্ঠা করা, পৃথিবীতে আল্লাহর হুকুম কায়েমের জন্য আল্লাহ বিশ্বাসী মানুষেরা এক হও। ইত্তেহাদ মায়াল ইখতেলাফের নীতিতে অনৈক্যের সমাধি রচনা করতে হবে। গত ২০ ও ২১ ফেব্রুয়ারী ঝালকাঠী এনএস কামিল মাদ্রাসা ময়দানে বার্ষিক ঈসালে সওয়াব ওয়াজ মাহফিলে সভাপতির বক্তৃতায় হযরত মাওলানা আজিজুর রহমান নেছারাবাদী সাহেব প্রস্তাবকারে উল্লিখিত কথাগুলো বলেন এবং তৌহিদী জনতা মাহফিলে ইসলামী চিন্তাবিদ ডক্টর মোস্তাফিজুর রহমান, ইনকিলাবের নির্বাহী সম্পাদক মাওলানা কবি রুহুল আমিন খানসহ বিশিষ্ট ওলামায়ে কেরাম ওয়াজ নসিহত করেন। জেলা প্রশাসক মোঃ শওকত নবী উক্ত মাদ্রাসার দাখিল, আলিম, ফাজিল ও কামিলের ছাত্রদের মধ্যে থেকে যারা এ+ পেয়েছে এবং বৃত্তি পেয়েছে তাদের পুরস্কৃত করেন। আখেরী মোনাজাত করেন হযরত মাওলানা আজিজুর রহমান নেছারাবাদী (কায়েদ ছাহেব হুজুর) বিশ্ব মুসলিমের শান্তি ও অগ্রগতির জন্য তিনি দোয়া করেন। ইনকিলাবের প্রতিষ্ঠাতা জমিয়াতুল মোদার্রেছীনের সভাপতি, সাবেক মন্ত্রী আলহাজ্ব মাওলানা এম এ মান্নানের আশু রোগমুক্তির জন্য দোয়া করা হয়।

**মাসিক কাবার পথে**

মাসিক কাবার পথের সম্পাদক বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মুফতী মাওলানা সাইফউদ্দিন ইয়াহইয়া ও সহ-সম্পাদক এ বি এম শোহাবউদ্দিন শোহাব এক যুক্ত বিবৃতিতে নবুওয়াতী ধারার শিক্ষাব্যবস্থা মাদ্রাসা শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার মন্ত্রী পরিষদের সিদ্ধান্তের নিন্দা জানিয়েছেন। তারা বলেন, মাদ্রাসা শিক্ষাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার কোন চক্রান্ত দেশবাসী মানবে না। তারা মাদ্রাসা শিক্ষাকে তার স্বকীয় মর্যাদায় সমুন্নত রাখার জন্য ঢাকায় একটি স্বতন্ত্র এফিলিয়েটিং ইসলামী বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবী জানিয়ে মন্ত্রী পরিষদের সিদ্ধান্ত বাতিলের আহবান জানান।